

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১০.১৭. ২০৭

তারিখ : ০১ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ।
সূত্র : ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১০.১৭.১৭৮, তারিখ: ০৬ মার্চ ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪.০২.২০১৭ তারিখ চৌধুরী মুফাদ আহমদ, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের সভাপতিত্বে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন অভিযোগ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


সিদ্ধান্তসমূহ:

- ১ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জাল সার্টিফিকেট এন.টি.আর.সি.এ. কর্তৃক যাচাইপূর্বক দ্রুত বেতন বন্ধসহ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;
- ২ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের প্রক্রিয়ার বিষয়ে মাধ্যমিক বেসরকারি শাখা-১(এমপিও) সকল উপপরিচালকসহ সংশ্লিষ্টদের নিয়ে দ্রুত একটি সভা আহ্বান করবে;
- ৩ মাধ্যমিক অনুবিভাগের সংশ্লিষ্ট সকল শাখা সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অভিযোগের তালিকা প্রস্তুত করে শিক্ষা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক পরবর্তী সভায় প্রতিবেদন মন্ত্রণালয় দাখিল করবেন। মন্ত্রণালয় হতে প্রেরিত তালিকার মন্তব্য অংশে মতামত উল্লেখপূর্বক অভিযোগের তালিকা সভায় উপস্থাপন করবেন।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহের অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক তালিকার মন্তব্য অংশে মতামত উল্লেখ করে প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।


(সালমা জাহান)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৫০৩৪১

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১০.১৭. ২০৭

তারিখ : ০১ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি ও সদয় কার্যার্থেঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্মসচিব